

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮০০.১৫- ২৪২


তারিখঃ ০৭ এপ্রিল, ২০২৫

বিষয়ঃ চূড়ান্ত কারন দর্শানো নোটিশ।

সূত্র: স্মারক নং-৪৭.৬২.০১০০.৮৬১.১৬.২৫২.২৪.২০৭ তারিখ: ১৭/০৩/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি চিতলমারি, বাগেরহাট উপজেলায় আপনার ব্লকভুক্ত ১৮টি সমিতি হতে আদায়কৃত ৩৫,৪২,৪০০/- (পয়ত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত), আপনার নিকট পাশবহি গচ্ছিত রয়েছে এমন ৩০ জন সদস্যর দাবিকৃত ৮,৫৯,৫০০/- (আট লক্ষ উনষাট হাজার পাঁচশত) ও উপজেলা পরিষদের আবাসিক ভবনের বকেয়া ভাড়া বাবদ ৯৭,১০০/- (সাতানব্বই হাজার একশত) টাকাসহ মোট ৪৪,৯৯,০০০/- (চুয়াল্লিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা আত্মসাৎ করেছেন মর্মে স্থানীয় তদন্তে প্রমানিত হয়েছে। এছাড়া আপনি বিগত ৩০/০১/২০২৫ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় স্থানীয় কর্তৃপক্ষ স্মারক নং ৪৭.৬২.০১.১৪.২১৬.১৬.০০০.২৪ তারিখ: ১৯/০২/২৫ ও স্মারক নং ৪৭.৬২.০১.১৪.২১৬.১৬.০০০.৩৬ তারিখ: ০৫/০৩/২৫ মূলে কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করেন। তাছাড়া আত্মসাতকৃত অর্থ ফেরত প্রদানের জন্য আপনার অভিভাবকের নিকট পত্র প্রেরণ করা হয়। তদুপরি আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করাসহ আত্মসাতকৃত অর্থ জমা প্রদান করেননি, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। আপনি বিনানুমতিতে ৬০দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুযায়ী চাকুরী হতে পলায়ন করেছেন মর্মে কর্তৃপক্ষ কর্তৃক প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, বিনানুমতিতে ৬০দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকায় চাকুরী হতে পলায়ন করেছেন মর্মে বিবেচনা করাসহ সর্বমোট ৪৪,৯৯,০০০/- (চুয়াল্লিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা আত্মসাত করায় কেন কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত/অপসারণ করা হবে না এবং আত্মসাতকৃত অর্থ আদায়ে আপনি/আপনার অভিভাবকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে আগামী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মোঃ রুবেল আহম্মেদ
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি,
চিতলমারি, বাগেরহাট।

স্থায়ী ঠিকানা: পিতা: মো: আব্দুর রশিদ মোল্লা,
গ্রাম: মাছিয়াকান্দি, ডাকঘর: চরবেড়া,
উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।

সদয় জ্ঞাতার্থেঃ

১. উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, চিতলমারি, বাগেরহাট।
৪. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।